

🔳 আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯ : ৩১

া আরবি মূল আয়াত:

وَ لَمَّا جَآءَت رُسُلُنَا اِبرُهِيمَ بِالبُشرَى قَالُوا اِنَّا مُهلِكُوا اَهلِ هٰذِهِ القَريَةِ القَريَةِ النَّ اَهلَهَا كَانُوا ظُلِمِينَ ﴿٣١﴾

আর আমার ফেরেশতারা যখন ইবরাহীমের কাছে সুসংবাদ নিয়ে এসেছিল তখন তারা বলেছিল, 'নিশ্চয় আমরা এ জনপদের অধিবাসীদেরকে ধ্বংস করব, নিশ্চয় এর অধিবাসীরা যালিম'। — আল-বায়ান

যখন আমার দূতগণ (অর্থাৎ ফেরেশতারা) ইব্রাহীমের কাছে সুসংবাদ নিয়ে আসল, তারা বলল- আমরা এ জনপদের বাসিন্দাদের ধ্বংস করব, এর অধিবাসীরা তো যালিম। — তাইসিরুল

যখন আমার প্রেরিত মালাইকা/ফেরেশতারা সুসংবাদসহ ইবরাহীমের নিকট এলো, তারা বলেছিলঃ আমরা এই জনপদবাসীকে ধ্বংস করব, এর অধিবাসীতো সীমা লংঘনকারী। — মুজিবুর রহমান

And when Our messengers came to Abraham with the good tidings, they said, "Indeed, we will destroy the people of that Lot's city. Indeed, its people have been wrongdoers." — Sahih International

- ৩১. আর যখন আমার প্রেরিত ফেরেশতাগণ সুসংবাদসহ ইবরাহীমের কাছে আসল, তারা বলেছিল, নিশ্চয় আমরা এ জনপদবাসীকে ধ্বংস করব(১), এর অধিবাসীরা তো যালিম।
 - (১) "এ জনপদ" বলে লুত জাতির এলাকা সাদৃমকে বুঝানো হয়েছে। [বাগভী; মুয়াস্সার] ইবরাহীম আলাইহিস সালাম এ সময় ফিলিস্তিনের বর্তমান আল খলীল শহরে থাকতেন। এ শহরের দক্ষিণ-পূর্ব দিকে কয়েক মাইল দূরে মৃত্যসাগরের অংশ রয়েছে। সেখানে পূর্বে বাস করতো লুত জাতির লোকেরা এবং বর্তমানে এ সমগ্র এলাকা রয়েছে সাগরের পানির তলায়।

তাফসীরে জাকারিয়া

- (৩১) যখন আমার প্রেরিত ফিরিশতাগণ সুসংবাদসহ ইব্রাহীমের নিকট এল, তখন তারা বলল, 'আমরা এ শহরের অধিবাসীদেরকে ধ্বংস করব।[1] এর অধিবাসিগণ অবশ্যই সীমালংঘনকারী।'
 - [1] অর্থাৎ, লৃত (আঃ)-এর দু'আ কবুল হল এবং মহান আল্লাহ লৃত-জাতিকে ধ্বংস করার জন্য ফিরিশতাও প্রেরণ



করলেন। তাঁরা প্রথমে ইবরাহীম (আঃ)-এর নিকট গেলেন ও তাঁকে ইসহাক ও ইয়াকূব দুই সন্তানের সুসংবাদ দিলেন এবং সেই সঙ্গে এ কথাও শুনিয়ে দিলেন যে, আমরা লূত (আঃ)-এর বস্তি ধ্বংস করতে এসেছি।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3371

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন